গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
নিকার শাখা
**www.cabinet.gov.bd**

নং-০৪.০০.০০০০.৭২১.০৬.০০১.১৫-০৯(১৫)

১৯ ফাল্গুন ১৪২১
তারিখ:--------------------
০৩ মার্চ ২০১৫

## প্রজ্ঞাপন

২৬ জানুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ প্রশাসনিক বিভাগ গঠনের লক্ষ্যে বিষয়টি সামগ্রিকভাবে পরীক্ষা ও পর্যালোচনা করে সুপারিশ পেশ করার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হল :

২। কমিটির গঠন :

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সভাপতি |
| (২) | প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালক পর্যায়ের) | - | সদস্য |
| (৩) | জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৪) | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৫) | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৬) | অর্থ বিভাগের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৭) | ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৮) | যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| (৯) | উপসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ। | - | সদস্য-সচিব। |

কমিটির কার্যপরিধি :

(ক) ময়মনসিংহ বিভাগ গঠনের যৌক্তিকতা সম্পর্কে মতামত প্রদান;
(খ) নতুন বিভাগের বিভাগীয় সদর দপ্তরে কোন্ কোন্ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার অফিস স্থাপন করা প্রয়োজন, সে বিষয়ে সুপারিশ প্রদান;
(গ) উল্লিখিত অফিসসমূহ স্থাপনের জন্য প্রয়োজনীয় ভৌত অবকাঠামো নিরূপণ;
(ঘ) প্রস্তাবিত বিভাগীয় অফিসসমূহের জন্য প্রয়োজনীয় লোকবল নির্ধারণ;
(ঙ) ভৌত অবকাঠামো এবং লোকবলের জন্য আর্থিক সংশ্লেষ নিরুপণ;
(চ) প্রস্তাবিত বিভাগের সীমানা সম্পর্কে সুপারিশ প্রদান; এবং
(ছ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

৩। কমিটি দুই মাসের মধ্যে সুপারিশ পেশ করবে এবং প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩/৩/২০১৫

( মোঃ মহিউদ্দীন খান )
যুগ্মসচিব (সমন্বয়)।

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা
(বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় জরুরি ভিত্তিতে প্রকাশের জন্য)।

(অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য)

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৫। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়
৬। সিনিয়র সচিব, অর্থ বিভাগ
৭। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
৮। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
৯। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয় (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)
১০। কমিশনার, ঢাকা বিভাগ
১১। যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ
১২। জেলা প্রশাসক, ঢাকা/ময়মনসিংহ
১৩। উপসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।